

০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ

ধুনট, বগুড়া।






অর্থ ও সংস্থাপন কমিটির সভার কার্য বিবরণী

স্থানঃ ইতিহাস কার্যালয়

তারিখঃ ০৭/০১/২০২১

সময়ঃ ১০.০০ ঘটিকা

সনঃ ২০২১

ক্রঃ	নাম	কমিটিতে পদবী	পদবী	স্বাক্ষর
০১	মোঃ আনোয়ার হোসেন	সভাপতি	ইউ.পি সদস্য	
০২	মোঃ ফরিদ উদ্দিন	সদস্য সচিব	শিক্ষক	
০৩	মোঃ রুহুল আমীন	সদস্য	আনসার ভিডিপি	
০৪	মোঃ আনিছুর রহমান	সদস্য	গণ্যমাণ্য	
০৫	মোছাঃ শাপলা খাতুন	সদস্য	সমাজ সেবিকা	

আলোচ্য বিষয়ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।

২। অর্থ ও সংস্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

৩। বিবিধ

অধ্যকার সভা সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন সভাপতিতে সভার কাজ আরম্ভ করা হইল।

০১ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ


অধ্যকার সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করিয়া তাতে গুণানি দেওয়া হয় এবং তাতে কোন প্রকার সংযোজন ও বিয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিতে অনুমোদন দেওয়া হয়।

০২ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

অধ্যকার সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, অত্র ইউনিয়নের গ্রামপুলিশগনকে তাহাদের দায়িত্ব সম্পর্কে সঠিক ভাবে ধারণা দিতে হবে তাহারা যেন তাহাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারেন সেদিকে সকলের সজাগ দৃষ্টি রাখতে হবে। প্রতিটি গ্রামপুলিশের দায়িত্ব হলো রাতে ইউনিয়ন পরিষদ এলাকায় পাহারা প্রদান করা। প্রতিটি গ্রামে মাসিক জন্ম ও মৃত্যু প্রতিবেদন ইউনিয়ন পরিষদের নিকট দাখিল করতে হবে। তিনি আরও বলেন যে, পরিষদের মাসিক আয় ব্যয় সম্পর্কে পরিষদের মাসিক সভায় তাহা উপস্থাপন করতে হবে। যাতে করে জনগনের কাছে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়। সভাপতি সাহেব আরও বলেন যে, সরকারি বিবিধ কর সঠিকসময়ে আদায় করতে হবে যাতে করে ইউপির রাজস্ব বৃদ্ধি পায়। জনগনের অংশগ্রহনের মাধ্যমে ইউনিয়ন পরিষদের বাৎসরিক বাজেট তৈরীতে সকলের সহযোগিতা কামনা করেন এবং বাজেটে সকল খাতে সম বরাদ্দ প্রদানের জন্য সচেষ্ট থাকতে হবে। বাজেট উন্মুক্ত ভাবে করার পর তাহা ইউনিয়ন পরিষদের মাসিক সভায় অনুমোদন করাতে হবে এবং প্রাথমিক বাজেট অনুমোদনের পর তাহা চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করতে হবে। অনুমোদিত বাজেট জনসমক্ষে প্রচারের ব্যাপারে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা প্রদান করতে হবে সরকারী নীতিমালা অনুযায়ী ট্যাক্স, রেট, ফি ইত্যাদি নিরূপণ, ধার্য ও আদায়ের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে সকলের সহযোগিতা কামনা করেন। ইউনিয়নে কর্মরত সরকারি, বেসরকারি উন্নয়ন সংস্থা ও জনঅংশগ্রহনের মাধ্যমে বছ বার্ষিক পরিকল্পনা তৈরীতে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা প্রদান করতে হবে। ইউনিয়ন পরিষদের বার্ষিক উন্নয়নমূলক প্রকল্পগুলি যাতে জনগণের চাহিদা ভিত্তিক ও বছবর্ষিক পরিকল্পনা হাতে নেওয়া হয়- তা নিশ্চিত করা। অর্থ ও সংস্থাপন মূলক প্রতিবেদন তৈরীতে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা প্রদান করতে হবে।

৩। বিবিধ

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কাজ সমাপ্ত করেন।


মোঃ আনোয়ার হোসেন
সদস্য,
০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ
অর্থ ও সংস্থাপন কমিটির
ভান্ডারবাড়ী ইউপি, ধুনট, বগুড়া।